# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৮৩

২৪/ অভিযান (كتاب السير عن رسول الله صلى الله عليه وسلم)

পরিচ্ছেদঃ মুশরিকদের হাদিয়া গ্রহন না করা।

## باب فِي كَرَاهِيَةِ هَدَايَا الْمُشْرِكِينَ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا أَبُو دَاوُدَ، عَنْ عِمْرَانَ الْقَطَّانِ، عَنْ قَتَادَةَ، عَنْ يَزِيدَ بْنِ عَبْدِ اللَّهِ، هُوَ ابْنُ الشِّخِّيرِ عَنْ عِيَاضِ بْنِ حِمَارٍ، أَنَّهُ أَهْدَى لِلنَّبِيِّ صلى الله عليه وسلم هَدِيَّةً لَهُ أَوْ نَاقَةً فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " أَسْلَمْتَ " . قَالَ لاَ . قَالَ " فَإِنِّي نُهِيتُ عَنْ زَبْدِ الْمُشْرِكِينَ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَمَعْنَى قَوْلِهِ " إِنِّي نُهِيتُ عَنْ زَبْدِ الْمُشْرِكِينَ " . يَعْنِي هَدَايَاهُمْ وَقَدْ رُوِيَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ كَانَ يَقْبَلُ مِنَ الْمُشْرِكِينَ هَدَايَاهُمْ وَذُكِرَ فِي هَذَا الْحَدِيثِ الْكَرَاهِيَةُ وَاحْتُمِلَ أَنْ يَكُونَ هَذَا بَعْدَ مَا كَانَ يَقْبَلُ مِنْهُمْ ثُمَّ نَهَى عَنْ هَدَايَاهُمْ .

বাংলা

১৫৮৩। মুহাম্মদ ইবনু বাশশার (রহঃ) ... ইয়ায ইবনু হিমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে কিছু হাদিয়া (বর্ণনান্তরে) একটি উষ্ট্রী হাদিয়া দিয়েছিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, তুমি কি ইসলাম গ্রহণ করেছ? তিনি বললেন, না। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, মুশরিকদের দান গ্রহণ করতে আমাকে নিষেধ করে দেওয়া হয়েছে। হাসান সহীহ,তিরমিজী হাদিস নম্বরঃ ১৫৭৭ [আল মাদানী প্রকাশনী], দেখুন পূর্বের হাদীস।

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সহীহ।زَبْدِ الْمُشْرِكِينَ অর্থ মুশরিকদের হাদিয়া, উপঢৌকন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে যে, তিনি মুশরিকদের হাদিয়া গ্রহণ করতেন। এই হাদীসে তা মাকরূহ বলে উল্লেখ করা হয়েছে। এ-ও সম্ভাবনা আছে যে, তিনি আগে মুশরিকদের হাদিয়া গ্রহণ করতেন পরে তাদের হাদিয়া গ্রহণ নিষিদ্ধ করে দেওয়া হয়েছে।

## English

Narrated 'Iyad bin Himar:

That he gave the Prophet (ﷺ) a gift or a camel, so the Prophet (ﷺ) said: "Have you accepted Islam?" He said: "No." He said: "Then I have been prohibited from the Zabd (gift) of the idolaters."

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih. And the meaning of his saying: "I haven been prohibited from the Zabd (gifts) of the idolaters" is their gifts.

It has been reported about the Messenger (ﷺ) that he used to accept the gifts of the idolaters while a dislike for that is mentioned in this Hadith.

And the implication is that this was after he used to accept from them, and then he later forbade their gifts.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ ইয়ায ইবনু হিমার আল মুজাশি‘ঈ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22092

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন